কালের কণ্ঠ

তারিখ 01 AUG 2015
পৃষ্ঠা ২/৫ কলাম ২

### মানিকগঞ্জ জেলা ছাত্রলীগ

# নেতাকর্মীদের পদত্যাগে বাধ্য করার অভিযোগ

মানিকগঞ্জ প্রতিনিধি ▷

মানিকগঞ্জ জেলা ছাত্রলীগের নবগঠিত কমিটি থেকে বিভিন্ন পদের নেতাকর্মীদের
পদত্যাগে বাধ্য করা হচ্ছে বলে অভিযোগ করা হয়েছে। জেলা কমিটির সভাপতি ও
সাধারণ সম্পাদক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের কাছে ওই অভিযোগ করেছেন।
বিষয়টি তাঁরা ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটিকেও জানিয়েছেন।
ছাত্রলীগের জেলা সভাপতি সাদেকুল ইসলাম সোহা ও সাধারণ সম্পাদক এনামুল হক
রুবেলের স্বাক্ষর করা ওই প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, জেলা শ্রমিক লীগের সভাপতি
বাবুল সরকার ও যুবলীগের বহিষ্কৃত সহসভাপতি আবুবক্কর সিদ্দিক খান এর নেতৃত্ব
দিচ্ছেন। ওই দুই নেতার লোকজন জেলা ছাত্রলীগ কমিটির বিভিন্ন পদের নেতাকর্মীদের
বাড়ি বাড়ি গিয়ে হুমকির পাশাপাশি মামলার ভয় দেখিয়ে পদত্যাগে বাধ্য করছেন।
এমনকি নেতাকর্মীদের পরিবারের সদস্যদেরও ভয়ভীতি দেখানো হচ্ছে।
প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, জেলা আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদকসহ
বিভিন্ন অঙ্গসংগঠনের নেতা ও মানিকগঞ্জের তিনজন সংসদ সদস্যের মতামত নিয়ে
মানিকগঞ্জ ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। কিন্তু একটি মহল ওই কমিটি না
মেনে জেলা কমিটিকে বাতিল করার পাঁয়তারার অংশ হিসেবে ওই অপকৌশল নিয়েছে।
প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, ছাত্রলীগের নবনির্বাচিত কেন্দ্রীয় কমিটিকে অভিনন্দন
জানিয়ে গত ২৭ জুলাই জেলা ছাত্রলীগের মিছিলে ও জেলা ছাত্রলীগের সভাপতির
বাড়িতে হামলার ঘটনায়ও ওই নেতাদের মদদ ছিল। তাঁদের হয়ে কাজ করছেন জেলা
ছাত্রলীগ থেকে বহিষ্কৃত কাজী রাজু আহম্মদ বুলবুল, পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি
তাপস সাহা, ছাত্রদল থেকে ছাত্রলীগে যোগ দেওয়া ইবনে সিফাত প্রমুখ।
তবে ওই অভিযোগ অস্বীকার করে তাপস সাহা বলেন, চাঁদাবাজি-টেন্ডারবাজিসহ বিভিন্ন
অপকর্মের জন্য সাদেকুল ইসলাম সোহা ও এনামুল হক রুবেলের বহিষ্কারের দাবিতে
মানিকগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য স্বাস্থ্য প্রতিমন্ত্রী, জেলা আওয়ামী লীগের সভাপতি
ও সাধারণ সম্পাদক প্রধানমন্ত্রীর কাছে লিখিত অভিযোগ জানিয়েছেন। ফলে তাঁদের
ছাত্রলীগে থাকার আর নৈতিক অধিকার নেই। তিনি আরো বলেন, সোহা ও রুবেলের
অপকর্মের প্রতিবাদ করায় গতকাল বৃহস্পতিবার প্রতীক আহম্মেদ নামের এক ছাত্রলীগ
কর্মীকে মারধর করা হয়েছে। তিনি এখন হাসপাতালে।